

(গ্রন্থকারের নাম, কী জাতীয় গ্রন্থ, গ্রন্থের বিষয়বস্তু, তাৎপর্য ও ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করতে হবে)

(ক) শ্রীকৃষ্ণবিজয়, লোরচন্দ্রানী, পারাগলি মহাভারত (খ) আলালের ঘরের দুলাল, সধবার একাদশী, পরিব্রাজক (গ) নবান্ন, চোখের বালি, বনলতা সেন
(বাংলা ভাষার ইতিহাস)

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বাংলাভাষার ইতিহাসের বিভিন্ন কালপর্ব চিহ্নিত করো। প্রাচীনযুগের বাংলা ভাষার প্রধান নিদর্শনগুলি উল্লেখ করে এই যুগের বাংলার তিনটি ধ্বনিতাত্ত্বিক ও তিনটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা কর। ৩+৩+৯

(খ) বাংলা শব্দভাণ্ডারের উপাদানগুলির শ্রেণীবিভাগ কীভাবে করা হয় একটি ছকের সাহায্যে দেখিয়ে উদাহরণসহ বাংলাভাষার 'মৌলিক' উপাদানের বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো। ৩+১২

(গ) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার প্রধান উপভাষাগুলির নাম ও অঞ্চল সীমা নির্দেশ করে যে-কোন দুটি উপভাষার প্রধান ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ২+২+৩+৪+৪

৭। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোন তিনটি) ৫×৩
সাদৃশ্য, সংকর শব্দ, সমীভবন, ঋতিধ্বনি, বর্ণবিপর্যয়, নাসিকীভবন।

(খ) যে-কোন পাঁচটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা রচনা করো : ৩×৫
মাটি, রোজা, দেউটি, ঘুঁটে, আমড়া, ডুমুর, হাঁদারা, বি, আস্তাবল, বাছুর।

দ্বিতীয় পত্র—২০১০

পূর্ণমান—১০০

(৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কোন কোন বৈশিষ্ট্যের দিকে লক্ষ রেখে একটি উপন্যাসকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলা যায়? সেইসব বৈশিষ্ট্যের নিরিখে একটি বাংলা ঐতিহাসিক উপন্যাসের সার্থকতা বিচার করো। ৪+৬

(খ) যে-কোনো উপন্যাসেই সমাজচৈতন্যের প্রতিফলন ঘটে। তবু বিশেষভাবে সামাজিক উপন্যাস হিসাবে অভিহিত হওয়ার জন্য কী ধরনের বিশেষত্ব প্রয়োজন? একটি উল্লেখযোগ্য বাংলা সামাজিক উপন্যাসের পরিচয় দিয়ে তার সার্থকতা নিরূপণ করো। ৪+৬

(গ) রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যের একটি সার্থক রাজনৈতিক উপন্যাস পর্যালোচনা করো। ৪+৬

(ঘ) ছোটগল্প জীবনের খণ্ডরূপ হলেও তাতে অখণ্ডতার আভাস থাকেঙ্গ ছোটগল্পের সংজ্ঞা দিয়ে প্রয়োজনীয় উদাহরণসহ বিষয়টি ব্যাখ্যা করো। ৩+৭

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে অতিপ্রাকৃতের প্রয়োগ চরিত্র ও ঘটনাবলীর তাৎপর্য উদ্ঘাটনে কতটা সহায়ক হয়েছে তা আলোচনা করো। ১৫

(খ) “যাহারা আমার পরম প্রীতির পাত্র, যাহারা আমার পরমোপকারী, তাহাদিগের সুখের কণ্টকস্বরূপ এ জীবন আমার রাখা অকর্তব্য বিবেচনা করিলাম।”—এই উক্তির আলোকে বক্তা-চরিত্রটি আলোচনা করো। ১৫

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'শেষের কবিতা' উপন্যাসে রবীন্দ্রনাথের যে প্রেম ভাবনা প্রকাশ পেয়েছে তা আলোচনা করো। ১৫

(খ) “অমিত-লাবণ্যের প্রণয়পর্ব উন্মেষের স্তরে যোগমায়া ছিলেন অত্যন্ত প্রয়োজনীয় এক মানুষ।”—এই উক্তির আলোকে 'শেষের কবিতা' উপন্যাসে যোগমায়া চরিত্রের গুরুত্ব বিচার করো। ১৫

৪। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শকমাত্র। জীবনের বিচিত্র রসের আশ্বাদনে তার আনন্দ। জীবন সম্পর্কে কোনো প্রজ্ঞা উদ্ভাসিত বক্তব্যে সে পৌঁছতে পারেনি।”—শ্রীকান্ত চরিত্র ('শ্রীকান্ত' প্রথম পর্ব অবলম্বনে) বিশ্লেষণ করে, এই উক্তির সত্যতা বিচার করো। ১৫

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) নবীন ও প্রবীণের দ্বন্দ্ব, 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসটির অন্যতম কেন্দ্রীয় বিষয়।—আলোচনা করো। ১৫

(খ) “এক পর্ব থেকে অন্য পর্বে কাহার পাড়ার অতীত ইতিহাসকে সঞ্চারিত করে দেওয়ার জন্য প্রয়োজন হয় সুচাঁদকে।”—সুচাঁদের চরিত্র অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

৬। (ক) “পৃথিবীতে যত পাপিষ্ঠা আছে, তোমার মত পাপিষ্ঠা কেহ নাই।”—কে কার উদ্দেশ্যে এই কথা বলেছে? তাকে 'পাপিষ্ঠা' বলার কারণ কী? ১+১+৩
অথবা, “যাহাই মনে করুন, ঈশ্বর আমার বিচারকর্তা—আমি অন্য বিচার মানি না। না হয় মরিব ক্ষতি কি?”—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই উক্তি করেন? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা মৃত্যুর কথা ভেবেছেন? ১+১+৩

(খ) “আমার অপরাধী গাড়টাকে যদি ক্ষমা করেন তবে আপনি যেখানে অনুমতি করেন সেইখানেই পৌঁছিয়ে দিতে পারি।”—উক্তিটি কে কার প্রতি করেছে? কোন প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে? ১+১+৩

অথবা, “অমনি দুই সখীতে একটা বিদ্যুচ্চকিত চোখ-ঠারাঠারি হয়ে গেল, মুখে পড়ল একটা আড়হাসির রেখা।”—দুই সখীর নাম লেখ। তাদের মুখে আড়হাসির রেখা ফুটে ওঠার কারণ কী? ১+১+৩

(গ) “উদ্দেশ্যকে গোপন রাখিয়া কোন কাজ সে করিতেই জানিত না।” বক্তা কে? যাকে উদ্দেশ্য করে এই কথাগুলি বলেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪

অথবা, “তোমাকে আর কৃতজ্ঞ হতে হবে না—দয়া করে সে সময়ে যে একটা খবর পাঠিয়েছিলে, এই আমার ঢের।”—কে কাকে খবর পাঠিয়েছিল? এখানে কোন খবরের কথা বলা হয়েছে? ১+১+৩

(ঘ) “গোটা কাহারপাড়ার আবালবৃদ্ধবনিতা স্তম্ভিত এবং স্তব্ধ হয়ে গেল করালীর কথা শুনে...।”—করালী কী বলেছিল? এতে সকলের স্তম্ভিত হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করো। ২+৩

অথবা, “সঙ্গে সঙ্গে গাছের অঙ্ককার তলাটা যেন গর্জন ক’রে উঠল! মনে হ’ল বাঘের মত কোন ভয়ানক জানোয়ার চীৎকার ক’রে অঙ্ককার থেকে বেরিয়ে আসছে। সে চীৎকারে করালী ও পাখি ভয়ে চমকে উঠল!”—কার চীৎকারে ভয় পেয়েছিল করালী আর পাখি? তারপর কী ঘটেছিল? ১+৪

তৃতীয় পত্র—২০১০

পূর্ণমান—১০০

(৫, ১২ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০

শব্দের মধ্যে লিখতে হবে)

১। দলবৃত্ত বা স্বরবৃত্ত (শ্বাসাঘাত প্রধান) ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১২

অথবা, যে-কোনো তিনটি বিষয়ে টীকা লেখো : ৪×৩

দল, কলা, পর্ব, পদ, ছেদ।

অথবা, পুরনো পয়ার ছন্দের ওপর ভিত্তি করে অমিত্রাক্ষর ছন্দের সৃষ্টি হলেও তার নিজস্ব বৈশিষ্ট্য যথেষ্ট—উদাহরণসহ আলোচনা করো। ৮+৪